

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date :11-05-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Foreign Secretary :

বিদেশ সচিব বিক্রম মিশ্রি বলেছেন, গতকাল পাকিস্তানের সঙ্গে যুদ্ধ বিরতি সমঝোতার বেশ কয়েকটি লঙ্ঘন করেছে পাকিস্তান। নতুন দিল্লিতে গতকাল রাতে সাংবাদিকদের ব্রিফিংয়ে তিনি বলেন, সশস্ত্র বাহিনী পাকিস্তানের এই লঙ্ঘনের যথাযোগ্য এবং উপযুক্ত প্রতিক্রিয়া দিচ্ছে এবং নতুন দিল্লি এই লঙ্ঘনগুলিকে খুব গুরুত্বের সঙ্গে দেখছে। ভারত, পাকিস্তানের প্রতি আহ্বান জানিয়েছে যে, তারা যেন এই লঙ্ঘনগুলির সমাধানে এবং পরিস্থিতি গুরুত্ব ও দায়িত্বের সাথে মোকাবিলা করতে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করে। বিক্রম মিশ্রি বলেন, ভারতীয় সশস্ত্র বাহিনী পরিস্থিতির প্রতি কড়াভাবে নজর রাখছে। তিনি বলেন, আন্তর্জাতিক সীমান্ত এবং নিয়ন্ত্রণ রেখা লঙ্ঘনের পুনরাবৃত্তির যে কোনও ঘটনা মোকাবেলা করার জন্য তাদের কঠোর নির্দেশনা দেওয়া হয়েছে।

বিদেশ সচিব বলেছেন, গতকাল সন্ধ্যায় ভারত ও পাকিস্তানের Directors General of Military Operations ডি.জি.এম.ও. দের মধ্যে একটি সমঝোতা হয় যাতে গত কয়েকদিন ধরে চলমান সামরিক কার্যকলাপ বন্ধ করা যায়। তিনি বলেন, পাকিস্তানকে এই পরিস্থিতিটি ঠিকভাবে বুঝতে হবে এবং এই অনুপ্রবেশ বন্ধ করতে তাৎক্ষণিকভাবে যথাযথ পদক্ষেপ নিতে হবে।

BYTE =====

Operation Sindoor :

এদিকে, সেনাবাহিনীর কর্নেল স্মুফিয়া কুরেশি গতকাল নতুনদিল্লিতে সংবাদমাধ্যমকে বলেন, ভারতের বিরুদ্ধে উস্কানিমূলক পদক্ষেপের পর পাকিস্তান ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়েছে, কারণ নতুনদিল্লি তাদের অপারেশন সিন্দুরের মাধ্যমে ইসলামাবাদের আক্রমণাত্মক এবং প্রতিরক্ষামূলক ক্ষমতা ভেঙে দিয়েছে। তিনি বলেন, ভারতের অভিযানগুলি কেবলমাত্র ভারতবিরোধী কার্যকলাপের জন্য ব্যবহৃত সন্ত্রাসী শিবির এবং সুযোগ-সুবিধাগুলির উপর লক্ষ্য করে পরিচালিত হয়েছে। তিনি আরও বলেন, ভারতীয় সশস্ত্র বাহিনী কোনও ধর্মীয় স্থানকে লক্ষ্য করেনি। তিনি বলেন, পাকিস্তান দাবি করেছে যে তারা তাদের JF-17 দিয়ে ভারতের S-400 এবং BrahMos ক্ষেপণাস্ত্র ঘাঁটি ক্ষতিগ্রস্ত করেছে, যা সম্পূর্ণ ভুল।

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল আগরতলার শান্তিপাড়ার প্রবীণ নাগরিক সংঘ এবং অশ্বিনী নেত্রালয়ের যৌথ উদ্যোগে বিবেকানন্দ আবাসনে বিনামূল্যে এক চক্ষু চিকিৎসা শিবিরের উদ্বোধন করেন। তিনি স্বাস্থ্য শিবিরের পাশাপাশি চক্ষু চিকিৎসা শিবির করার উপর গুরুত্ব আরোপ করেন। এখানে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের বলেন, ভারত পাকিস্তানের মধ্যে উত্তেজনার আবহে বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে নজরদারি আরো জোরদার করা হয়েছে। তিনি

বলেন, বর্তমান পরিস্থিতিতে কেন্দ্রীয় সরকারের দেখানো রাস্তায় চলেছে রাজ্য সরকার।

Notice Tripura Bhawan :

বহিরাজ্যে পাঠরত ত্রিপুরার ছাত্রছাত্রীদের জন্য দিল্লির কোর্টিল্য মার্গে ত্রিপুরা ভবনে হেল্পলাইন খোলা হয়েছে। দিল্লি ত্রিপুরা ভবনের রেসিডেন্ট কমিশনার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, দেশের বিভিন্ন স্থানে পাঠরত ত্রিপুরার ছাত্র ছাত্রীরা কোনও সাহায্যের প্রয়োজনে ত্রিপুরা ভবনের হেল্পলাইন নম্বরে যোগাযোগ করতে পারবেন। হেল্পলাইন নম্বর অনুযায়ী যুগ্ম রেসিডেন্ট কমিশনার রঞ্জিত দাসের নাম্বার হল

৯৬১২৭৬৬২৩২। এছাড়া জরুরী প্রয়োজনে এই হেল্পলাইন নম্বরে যোগাযোগ করা যাবে। তা হল ০১১ ২৩০ ১৫১৫৭ / ৯৮৭১০৩৫৯৪৪।

Lok Adalat :

রাজ্যের সবকটি আদালতে গতকাল এই বছরের দ্বিতীয় জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয়। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব বুম্বা দত্ত চৌধুরী জানান, লোক আদালতে রাজ্যে ৪০ টি বেঞ্চে ২১ হাজার ৪১০টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়। এরমধ্যে ছিল মোটর দুর্ঘটনায় ক্ষতিপূরণ সংক্রান্ত ৩৩৯টি মামলা,

বৈবাহিক বিরোধ সংক্রান্ত ২২১টি মামলা, ব্যাঙ্ক ঋণ পরিশোধ সংক্রান্ত ৫,৪৫৭টি মামলা, বিএসএনএলের বিল পরিশোধ সংক্রান্ত এক হাজার মামলা, আপোষযোগ্য ফৌজদারি বিরোধের ১৪,২৬৪টি মামলা ইত্যাদি।

BUDDHA JAYANTI :

অহিংসা শান্তি ও মৈত্রীর পূজারী ভগবান গৌতম বুদ্ধের আগামীকাল ২৫৬৯ তম আবির্ভাব তিথি। এই উপলক্ষে আজ বেবুবন বিহার বৌদ্ধ বিহারের পক্ষ থেকে সকালে আগরতলার ক্যান্সার হাসপাতালের রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। বিকালে শিশুদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। বেবুবন বিহার আজ আলোকমালায় সাজিয়ে তোলা হবে।

BJP Meeting :

প্রদেশ বিজেপি সভাপতি সাংসদ রাজীব ভট্টাচার্যের সভাপতিত্বে গতকাল দলের সদর কার্যালয়ে দলের মোর্চা সভাপতি এবং প্রদেশ পদাধিকারীগণদের নিয়ে এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে আগামী দিনের বিভিন্ন সাংগঠনিক

কার্যক্রম সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয় শ্রী ভট্টাচার্য এই সংবাদ জানান |

Holiday Postponed :

উচ্চশিক্ষা দপ্তরের অধীন সাধারণ ডিগ্রী কলেজ সহ অন্যান্য কলেজগুলির গ্রীষ্মকালীন ছুটি বাতিল করেছে উচ্চ শিক্ষা দপ্তর। দপ্তরের অধিকর্তা অনিমেষ দেববর্মা এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, ছাত্রছাত্রীদের পড়াশোনার স্বার্থে গত ৯ই মে থেকে তেসরা জুন পর্যন্ত সাধারণ ডিগ্রী কলেজ, বৃত্তিমূলক কলেজ ও কারিগরী প্রতিষ্ঠানগুলোর ছুটি বাতিল করা হয়েছে। এই শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে সেমিস্টার পরীক্ষা, ভর্তি প্রক্রিয়া ও যথারীতি ক্লাস চলবে।

WEATHER :

রাজ্যজুড়ে গরমের তীব্রতা বাড়ছে। আজ সকালে আগরতলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৮ ডিগ্রী সেলসিয়াস। গতকাল দুপুরে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৮.৯ ডিগ্রী সেলসিয়াস, যা ছিল চলতি গরম মরশুমে এখন পর্যন্ত সর্বোচ্চ তাপমাত্রা। এদিকে, আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে। বজ্রবিদ্যুত সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। সাথে কোথাও কোথাও ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হওয়া বয়ে যেতে পারে। খোয়াই, পশ্চিম ত্রিপুরা জেলা, দক্ষিণ ও গোমতি জেলার কোথাও

কোথাও বৃষ্টি ও সঙ্গে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হওয়া বয়ে যেতে পারে। গত ২৪ ঘন্টায় বেইষ্টি হয়েছে ১.৮ মিলিমিটার ।
